

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০৯

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৪১. কোনো লোককে বিদায় জানানোর সময় তিনি যা বলবেন

بَابٌ مَا يَقُولُ إِذَا وَدَعَ رَجُلًا

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي كَعْبٍ أَبُو الْحَسَنِ الْعَبْدِيُّ قَالَ حَدَّثَنِي
مُوسَى بْنُ مَيْسَرَةَ الْعَبْدِيِّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ جَاءَ رَجُلٌ إِلَيَّ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ فَقَالَ لَهُ يَا نَبِيَّ اللَّهِ إِنِّي أُرِيدُ السَّفَرَ فَقَالَ لَهُ مَتَى قَالَ غَدًا إِنْ شَاءَ اللَّهُ قَالَ فَأَتَاهُ
فَأَخَذَ بِيَدِهِ فَقَالَ لَهُ فِي حِفْظِ اللَّهِ وَفِي كَنْفِهِ زَوَّدَكَ اللَّهُ التَّقْوَى وَغَفَرَ لَكَ ذَنْبَكَ وَجَهَكَ
لِلْخَيْرِ أَيْنَمَا تَوَحَّيْتَ أَوْ أَيْنَمَا تَوَجَّهْتَ شَكَّ سَعِيدٌ فِي إِحْدَى الْكَلْمَتَيْنِ

বাংলা

২৭০৯. আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললঃ ইয়া নাবিয়াল্লাহ! আমি সফরের ইচ্ছা করছি। তিনি তাকে জিজেস করলেন, “কখন?” সে বলল, আগামীকাল ইনশা আল্লাহ। এরপর তিনি এসে নিজ হাতে তার হাত ধরলেন। এরপর তিনি বললেনঃ “আল্লাহর হেফাজতে ও তাঁর আশ্রয়ে (হাওয়ালা করছি)। আল্লাহ তা’আলা তোমাকে পাথেয় হিসাবে তাকওয়া দান করুন। আর তিনি তোমার গুনাহ মাফ করুন। তোমার জন্য আল্লাহ তা’আলা কল্যাণ সহজলভ্য করে দিন, তুমি যে স্থানেরই নিয়াত করনা কেন- কিংবা যে স্থানই উদ্দেশ্য করনা কেন।” রাবী সাউদের সন্দেহ, এ দু’বাক্যের কোন একটি হবে। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়েদ।

তাখরীজ: ইবনুস সুন্নী, আমলুল ইয়াওমু ওয়াল লাইলাহ নং ৫০২, ৫০৩; তিরমিয়ী, দাওয়াত ৩৪৪০; হাকিম ২/৯৭।

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82994>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন